রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৯ সনের ১৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৫, ২০১৯

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২০৭—২১৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪০৯—৪৫৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১৫—১২২ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২২৭১—২৩০৪ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারিকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারিকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৭ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ...............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**আদেশ**

তারিখ : ১০ চৈত্র ১৪২৫/২৪ মার্চ ২০১৯

**নং ০৩.০০.০০০২.০৮২.০৪৭.০১৮.২০১৭-৩০৪**—জনাব মুহাম্মদ আকরাম হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (চাকুরি হতে অপসারিত)-এর আপীল আবেদনের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২২(১) মোতাবেক প্রদত্ত চাকুরি হতে অপসারণ করার '(Removal from Service)' দণ্ড বহাল রাখা হলো।

**সাজ্জাদুল হাসান**
সচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/১৯ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৪.১৮(বিমা)-১২১**—যেহেতু, জনাব মোহাম্মদ ফারুক আহমদ (পরিচিতি নম্বর : ৬৮৩৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় গত ২৯-১১-২০১৮ তারিখে বিকাল ৩.০০ টায় সাক্ষাতের উদ্দেশ্যে জনাব শেখ ইউসুফ হারুন, অতিরিক্ত সচিব (এ.পি.ডি.) জনপ্রশাসন মন্ত্রণালয় এর অফিসকক্ষে প্রবেশ করে তাঁর নিকট উপ-পরিচালক, বিনিয়োগ বোর্ড/নিয়ন্ত্রক, চা শ্রমিকের জন্য সাধারণ ভবিষ্যৎ তহবিল/চার্জ অফিসার, সিলেটসহ কতিপয় পদের নাম উল্লেখ করে সিলেট বিভাগে যে কোন পদে পদায়নের জন্য অনুরোধ করেন।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

জনাব ফারুকের চাহিদা মোতাবেক চার্জ অফিসার, সিলেট পদটি শূন্য না থাকায় অন্য কোন জেলায় চার্জ অফিসার হিসেবে পদায়নের জন্য সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অতিরিক্ত সচিব (এ.পি.ডি.) নির্দেশ দিলে জনাব ফারুক রাগান্বিত হয়ে উচ্চস্বরে উদ্ধত্যভাবে "আপনি এখানে বসে ক্ষমতা দেখান। ক্ষমতা চিরস্থায়ী না। আপনি জামায়াত শিবিরের অনেক কর্মকর্তাকে পদোন্নতি দিয়েছেন। আমি শিবিরের সাপোর্টার ছিলাম বলে আমাকে পদোন্নতি দেননি এবং পদায়নও করেননি। আমি আপনাকে দেখে নেব। আপনাকে না পারলেও আপনার ছেলেকে দেখে নেবো" বলে অতিরিক্ত সচিব (এ.পি.ডি.) এর সাথে অত্যন্ত ঔদ্ধত্যপূর্ণ ও অসৌজন্যমূলক আচরণ করেন। যা একজন উচ্চপদস্থ কর্মকর্তা ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রতি চরম অবমাননা প্রকাশ স্বরূপ আচরণ;

০২। যেহেতু, জনাব শেখ ইউসুফ হারুন, অতিরিক্ত সচিব (এ.পি.ডি.) জনপ্রশাসন মন্ত্রণালয় তাঁর উদ্ধত্য আচরণ ও হুমকিতে সংক্ষুদ্ধ হয়ে জনাব মোহাম্মদ ফারুক আহমদ (পরিচিতি নম্বর : ৬৮৩৭) এর বিরুদ্ধে অভিযোগ করেছেন।

০৩। যেহেতু, জনাব মোহাম্মদ ফারুক আহমদ এর উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। এ পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। তাঁকে কেন সরকারি 'চাকরি হতে বরখাস্ত' করা হবে না বা অন্য কোন উপযুক্ত দণ্ড আরোপ করা হবে না তার সন্তোষজনক লিখিত জবাবপত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশ দেয়া হয়। তিনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানি চান কিনা তাও তাঁর লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ দেয়া হয়;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২৯-০১-২০১৯ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির অনুরোধ করেন এবং সে মোতাবেক ০৬-০৩-২০১৯ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৫। যেহেতু, শুনানিতে সরকার পক্ষের নথি উপস্থাপনকারী কর্মকর্তা অভিযোগের বিষয়ে প্রমাণপত্র ও নথিতে সংরক্ষিত কাগজপত্র উপস্থাপনপূর্বক জানান যে, অভিযোগের বিষয়ে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীতে উল্লিখিত বক্তব্যই তাঁর বক্তব্য। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা বলেন যে, তিনি ছয় বার উপসচিব পদে পদোন্নতি বঞ্চিত হয়েছেন এবং দীর্ঘদিন যাবৎ বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত রয়েছেন। এ কারণে তাঁর স্ত্রী, বৃদ্ধা মা, তাঁর শ্বশুর দৈহিক ও মানসিকভাবে অসুস্থ হয়ে পড়েছেন। তাঁর দুই ছেলেও মানসিক ও সামাজিকভাবে একাকীত্ব অনুভব করেছে এবং উদাসীনতা দেখা দিয়েছে। তিনি নিজে মানসিক, শারীরিক, অর্থনৈতিক ও সামাজিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েছেন। ঘটনার দিন ও সময়ে তাঁর বুকে ও মাথায় প্রচণ্ড ব্যথা অনুভব করছিলেন। অসুস্থতা, পারিপার্শ্বিক অবস্থায় তাৎক্ষণিকভাবে তিনি উর্ধ্বতন কর্মকর্তার সাথে যথাযথ আচরণ করতে পারেননি। অনিচ্ছা সত্ত্বেও তাঁর ভুলভ্রান্তি হয়েছে। তিনি ক্ষমাপ্রার্থী এবং তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের জন্য বিনীত অনুরোধ করেন;

০৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা লিখিত বক্তব্যে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রকারান্তে অস্বীকার করেছেন। কিন্তু শুনানিকালে তিনি স্বীকার করেছেন যে ঘটনার দিন উর্ধ্বতন কর্মকর্তার সাথে প্রত্যাশিত আচরণ করতে তিনি ব্যর্থ হয়েছেন এবং এ জন্য তিনি ক্ষমাও প্রার্থনা করেন;

০৭। যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগ এর বিষয়ে উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত জবাব, তথ্য-প্রমাণ ও প্রাসঙ্গিক বিষয়সমূহ পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর (৩) (খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে। অপরদিকে শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তা স্বেচ্ছা প্রণোদিত হয়ে দোষ স্বীকারও করেছেন। তাই সামগ্রিক বিচারে তাঁকে দণ্ড আরোপ করা সমীচীন বলে প্রতীয়মান হচ্ছে;

০৮। সেহেতু, জনাব মোহাম্মদ ফারুক আহমদ (পরিচিতি নম্বর : ৬৮৩৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর (৩) (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তা স্বেচ্ছাপ্রণোদিত হয়ে দোষ স্বীকার করায় একই বিধিমালার ৭(২)(খ) বিধির অনুসরণক্রমে বিধি ৪(২)(ক) অনুযায়ী জনাব মোহাম্মদ ফারুক আহমদ (পরিচিতি নম্বর : ৬৮৩৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে লঘুদণ্ড হিসেবে 'তিরস্কার' করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

---

## জাতীয় রাজস্ব বোর্ড
## [শুল্ক]

### বিশেষ আদেশ

তারিখ : ০৪ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/১৮ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ৪৫/২০১৯/শুল্ক/১৪১**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড বন্ডেড ওয়্যার হাউস প্রতিষ্ঠান মেসার্স এইচ. কবির এন্ড কোং লিঃ এর বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপভাবে নির্ধারণ করিল, যথা :

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম | নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতার পরিমাণ |
|---|---|---|
| ০১। | মেসার্স এইচ. কবির এন্ড কোং লিঃ | মার্কিন ডলার ৯,১৫,০০০.০০ (নয় লক্ষ পনের হাজার) |

০২। উল্লিখিত বার্ষিক আমদানি প্রাপ্যতা ২০১৮-১৯ অর্থ বছর হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুলতান মোঃ ইকবাল**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

---

**বিচার শাখা-৭**
**আইন ও বিচার বিভাগ**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আদেশ**

তারিখ : ১২ মার্চ ২০১৯ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-০৫/২০০২-৯৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোহাম্মদ উল্লাহ্, পিতা-মোঃ আব্দুর রশিদ, মাতা-নুরুন্নাহার, গ্রাম-তেলুয়ারী, পোঃ-আঠারবাড়ী, উপজেলা-ঈশ্বরগঞ্জ, জেলা-ময়মনসিংহ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলার ৪নং আঠারবাড়ী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহ্মেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ২০ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ/০৪ মার্চ ২০১৯ খ্রিঃ

**নং আর-৬/৭এন-০৯/২০১৯-১২১**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব রুমানা পারভীন, পিতা-মরহুম মোয়াজ্জেম হোসেন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/১৮ মার্চ ২০১৯ খ্রিঃ

**নং সবিম/শাখা-৪/বাএ-৭/৮২(অংশ)-৯৩**—বাংলা একাডেমি আইন ২০১৩ (২০১৩ সনের ৩৩ নং আইন) এর ২৩ (১) ধারার 'ঘ' এবং 'ঙ' উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত সুধীবৃন্দকে বাংলা একাডেমির নির্বাহী পরিষদের সদস্য হিসাবে ০৩ (তিন) বছরের জন্য মনোনয়ন প্রদান করলেন :

| | |
|---|---|
| ১. | অধ্যাপক ড. বিশ্বজিৎ ঘোষ, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; ও ভাইস-চ্যান্সেলর; রবীন্দ্র বিশ্ববিদ্যালয়; বাংলাদেশ (পাবলিক বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক)। |
| ২. | অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী, ভাষাবিজ্ঞান বিভাগ; ঢাকা বিশ্ববিদ্যালয় ও মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট; ঢাকা (পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভাষাতত্ত্ব বিভাগের অধ্যাপক)। |
| ৩. | অধ্যাপক ড. কাজল কৃষ্ণ ব্যানার্জী, চেয়ারপার্সন, ইংরেজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। |
| ৪. | অধ্যাপক ড. এমরান কবির চৌধুরী, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; ও ভাইস-চ্যান্সেলর, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা (পাবলিক বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের অধ্যাপক)। |
| ৫. | অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল, ৪২ ডিওএইচ এস (পুরাতন) রোড-১/এ, এপার্টমেন্ট ২/এ, বনানী, ঢাকা (বিশিষ্ট বিজ্ঞানী)। |
| ৬. | অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ, কম্পিউটার সায়েন্স এবং ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট, ঢাকা (বিশিষ্ট তথ্যপ্রযুক্তিবিদ)। |

০২। এ আদেশ ১৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. শেখ মুসলিমা মুন**
উপসচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি কলেজ-৬ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/০৯ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭০.০২.০১৫.২০১৪-১০৫**—"সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারি আত্তীকরণ বিধিমালা-২০১৮"-এর আলোকে কক্সবাজার জেলার উখিয়া উপজেলাধীন বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কলেজ ০৭ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ রাশেদুল ইসলাম**
উপসচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ ফাল্গুন ১৪২৫/১০ মার্চ ২০১৯

**নং ২৩.০০.০০০০.১৮০.২৭.০৭০.১৮-৯৮**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএসএস-১০১৩১৬ মেজর আজিজুম-মিম-মুস্তাফিজা, এএমসি-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস্) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ) এবং ২৬১ অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**জনস্বাস্থ্য-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ/১৩ মার্চ ২০১৯ খ্রিঃ

**নং ৪৫.০০.০০০০.১৬১.০১৩.০৯.১৭(খণ্ড-১)-১৪০**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত 'অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনা (২০১৮—২০২৫) এর আলোকে 'অসংক্রামক রোগ প্রতিরোধ/ নিয়ন্ত্রণে বহুখাতভিত্তিক বিভাগীয়, জেলা ও উপজেলা সমন্বয় কমিটি' নিম্নরূপে গঠন করা হলো :

২। **অসংক্রামক রোগ প্রতিরোধ/নিয়ন্ত্রণে বহুখাতভিত্তিক বিভাগীয় সমন্বয় কমিটি**

ক) **কমিটির গঠন :**

**চেয়ারপার্সন**

১. বিভাগীয় কমিশনার

**সদস্যবৃন্দ**

২. উপ-মহা পুলিশ পরিদর্শক

৩. বিভাগের সকল মেডিকেল কলেজের অধ্যক্ষগণ।

৪. বিভাগের সকল মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালকগণ।

৫. বিভাগীয় শহরস্থ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রের প্রতিনিধি হিসেবে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা।

৬. বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা

৭. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

৮. পরিচালক, স্থানীয় সরকার

৯. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

১০. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

১১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত বিভাগ

১২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ

১৩. সিভিল সার্জন (সকল)

১৪. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা

১৫. উপপরিচালক, বিভাগীয় তথ্য অফিস

১৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

**সদস্য-সচিব**

১৭. বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য

খ) **কার্যপরিধি :**

১. বিভাগীয় পর্যায়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ/ মূল্যায়ন ও তদানুযায়ী নির্দেশনা প্রদান।

২. কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের অবস্থা যাচাই করার জন্য নিয়মিত মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রণয়ন।

৩. কর্মশালা/প্রশিক্ষণের মাধ্যমে কমিটির সদস্যবৃন্দ ও কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা তৈরি।

৪. জনপ্রতিনিধি, উন্নয়ন অংশীদার, সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠান, সামাজিক ও ধর্মীয় নেতৃবৃন্দ, গণমাধ্যম কর্মীদের সাথে পারস্পরিক সম্পর্ক প্রতিষ্ঠার মাধ্যমে একটি কার্যকর নেটওয়ার্ক গড়ে তোলা।

৫. কর্মপরিকল্পনা বাস্তবায়নের ষান্মাসিক প্রতিবেদন National Multisectoral Non-communicable Disease Control & Coordination Committee (NMNCC) সচিবালয়ে প্রেরণ।

৬. বছরে কমপক্ষে দুইবার নিয়মিত সভা অনুষ্ঠান।

৭. কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। **অসংক্রামক রোগ প্রতিরোধ/নিয়ন্ত্রণে বহুখাতভিত্তিক জেলা সমন্বয় কমিটি**

ক) **কমিটির গঠন :**

**চেয়ারপার্সন**

১. জেলা প্রশাসক

**সদস্যবৃন্দ**

২. পুলিশ সুপারিন্টেনডেন্ট

৩. জেলা শহরস্থ সিটি কর্পোরেশন/পৌরসভার মাননীয় মেয়রের প্রতিনিধি হিসেবে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা।

৪. উপপরিচালক, পরিবার পরিকল্পনা

৫. উপাধ্যক্ষ, মেডিকেল কলেজ

৬. উপপরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল

৭. সুপারিন্টেনডেন্ট, জেলা সদর হাসপাতাল

৮. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা

৯. জেলা শিক্ষা কর্মকর্তা

১০. উপপরিচালক, স্থানীয় সরকার

১১. উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

১২. জেলা খাদ্য নিয়ন্ত্রক

১৩. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

১৪. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

১৫. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

১৬. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত

১৭. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ

১৮. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

১৯. জেলা ক্রীড়া কর্মকর্তা

২০. জেলা তথ্য কর্মকর্তা

২১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)

২২. উর্ধ্বতন স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা

**সদস্য-সচিব**

২৩. সিভিল সার্জন

ক) **কার্যপরিধি :**

১. জেলা পর্যায়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ/ মূল্যায়ন ও তদানুযায়ী নির্দেশনা প্রদান করা।

২. কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রমের বাস্তবায়নের অবস্থা যাচাই করার জন্য নিয়মিত মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রণয়ন।

৩. কর্মশালা/প্রশিক্ষণের মাধ্যমে কমিটির সদস্যবৃন্দ ও কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা তৈরি।

৪. জনপ্রতিনিধি, উন্নয়ন অংশীদার, সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠান, সামাজিক ও ধর্মীয় নেতৃবৃন্দ, গণমাধ্যম কর্মীদের সাথে পারস্পরিক সম্পর্ক প্রতিষ্ঠার মাধ্যমে একটি কার্যকর নেটওয়ার্ক গড়ে তোলা।

৫. কর্মপরিকল্পনা বাস্তবায়নের ত্রৈমাসিক প্রতিবেদন বিভাগীয় কমিটিতে কপিসহ National Multisectoral Non-communicable Disease Control & Coordination Committee (NMNCC) সচিবালয়ে প্রেরণ।

৬. বছরে কমপক্ষে চারবার নিয়মিত সভা অনুষ্ঠান।

৭. কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৪। **অসংক্রামক রোগ প্রতিরোধ/নিয়ন্ত্রণে বহুখাতভিত্তিক উপজেলা সমন্বয় কমিটি**

ক) **কমিটির গঠন :**

**উপদেষ্টা**

১. উপজেলা চেয়ারম্যান

**সভাপতি**

২. উপজেলা নির্বাহী অফিসার

**সদস্যবৃন্দ**

৩. অফিসার ইনচার্জ, সংশ্লিষ্ট থানা

৪. উপজেলা শিক্ষা অফিসার

৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

৬. উপজেলা পল্লী উন্নয়ন (বিআরডিবি) কর্মকর্তা

৭. উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা

৮. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

৯. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

১০. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

১১. উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

১২. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)।

**সদস্য-সচিব**

১৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

ক) **কার্যপরিধি :**

১. উপজেলা পর্যায়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ, মূল্যায়ন ও তদানুযায়ী নির্দেশনা প্রদান।

২. কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের অবস্থা যাচাই করার জন্য নিয়মিত মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রণয়ন।

৩. কর্মশালা/প্রশিক্ষণের মাধ্যমে কমিটির সদস্যবৃন্দ ও কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের সক্ষমতা তৈরি।

৪. জনপ্রতিনিধি, উন্নয়ন অংশীদার, সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠান, সামাজিক ও ধর্মীয় নেতৃবৃন্দ, গণমাধ্যম কর্মীদের সাথে পারস্পরিক সম্পর্ক প্রতিষ্ঠার মাধ্যমে একটি কার্যকর নেটওয়ার্ক গড়ে তোলা।

৫. দুইমাস পরপর কর্মপরিকল্পনা বাস্তবায়নের প্রতিবেদন জেলা কমিটিতে কপিসহ National Multisectoral Non-communicable Disease Control & Coordination Committee (NMNCC) সচিবালয়ে প্রেরণ।

৬. বছরে কমপক্ষে ছয়বার নিয়মিত সভা অনুষ্ঠান।

৭. কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৫। মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এই আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ রুহুল আমিন তালুকদার**
যুগ্মসচিব।

---

**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**প্রশাসন-১ শাখা**
**পরিপত্র**

তারিখ : ১৮ মার্চ ২০১৯ খ্রিঃ

**নং ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০১৭.২০১৭-৩৫৪**—পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন বিভাগীয়, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের মা ও শিশু কল্যাণ কেন্দ্রসহ সকল দপ্তরের সময়সূচী নিম্নরূপে পুন: নির্ধারণ করা হলো :

| ক্র:ম | **প্রতিষ্ঠানের নাম/সেবা প্রদানকারী** | **পুন: নির্ধারিত সময়সূচী** |
|---|---|---|
| (১) | মা ও শিশু কল্যাণ কেন্দ্র (সকল) | প্রতি সপ্তাহে শনিবার হতে বৃহস্পতিবার সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.৩০ ঘটিকা পর্যন্ত (দুপুর ১.১৫ মিনিট হতে ১.৩০ মিনিট পর্যন্ত যোহরের নামাজের বিরতিসহ) |
| (২) | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (সকল) | |
| (৩) | উপজেলায় অবস্থিত সদর ক্লিনিকসমূহ | |
| (৪) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অবস্থিত এমসিএইচ ইউনিটসমূহ | |
| (৫) | ইউনিয়ন পরিবার পরিকল্পনা ক্লিনিকসমূহ | |
| (৬) | স্যাটেলাইট ক্লিনিক | |
| (৭) | মাঠ পর্যায়ে কর্মরত পরিবার পরিকল্পনা পরিদর্শক ও পরিবার কল্যাণ সহকারীবৃন্দ | |
| | **বিশেষায়িত হাসপাতাল :** | |
| (১) | মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান (MCHTI) আজিমপুর, ঢাকা | পূর্বের ন্যায় প্রতি সপ্তাহে শনিবার হতে বৃহস্পতিবার সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ২.৩০ ঘটিকা পর্যন্ত (দুপুর ১.১৫ মিনিট হতে ১.৩০ মিনিট পর্যন্ত যোহরের নামাজের বিরতিসহ) |
| (২) | মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার (MFSTC), ঢাকা | |
| (৩) | মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ ইনষ্টিটিউট, লালকুঠি, মিরপুর, ঢাকা | |

| ক্র:ম | প্রতিষ্ঠানের নাম/সেবা প্রদানকারী | পুন: নির্ধারিত সময়সূচী |
|---|---|---|
| (১) | পরিবার পরিকল্পনা অধিদপ্তর | পূর্বের ন্যায় প্রতি সপ্তাহে রবিবার হতে বৃহস্পতিবার সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত (দুপুর ১.০০ টা হতে ১.৩০ মিনিট যোহরের নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতিসহ) |
| (২) | বিভাগীয় পরিবার পরিকল্পনা অফিস | |
| (৩) | জেলা পরিবার পরিকল্পনা অফিস | |
| (৪) | কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | |
| (৫) | সকল আঞ্চলিক পণ্যাগার | |
| (৬) | পরিবার কল্যাণ পরিদর্শক প্রশিক্ষণ প্রতিষ্ঠান (FWVTI), ঢাকা | |
| (৭) | উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**জি. এম. সালেহ উদ্দিন**
সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**
**ফরম 'খ'**
**নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্স**
**[বিধি ৬(৯) এবং ১০ দ্রষ্টব্য]**

**আদেশ**

তারিখ : ২ এপ্রিল ২০১৯ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-১২৩/৮২(অংশ-১)-১১৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ নুরুজ্জামান খাঁন, পিতা-মোঃ জয়নাল আবদীন, মাতা-মোসাঃ উম্মে কুলসুম, গ্রাম-চাঁদশ্রী, ডাকঘর-করুয়াপাড়া, উপজেলা-হালুয়াঘাট, জেলা-ময়মনসিংহ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার ৯নং ধারা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহ্‌মেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৬ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/০৯ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০২.১৫(অংশ-১)—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | থানা | জেলা | খতিয়ান নম্বর |
|---|---|---|---|---|---|
| ০১ | তেজগাঁও | ০৫ | তেজগাঁও | ঢাকা | ২২৫১ = ০১টি |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
উপসচিব।